বাজার অস্থিরতার পেছনে সিন্ডিকেট ও চাঁদাবাজরা জড়িত: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাজারে সিন্ডিকেট ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্যের কারণেই নিত্যপণ্যের দাম কৃত্রিমভাবে বাড়ছে বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তার মতে, এসব চক্রের প্রভাবে পুরো বাজার ব্যবস্থায় অস্থিরতা তৈরি হয়েছে, যার সরাসরি চাপ ভোগ করতে হচ্ছে সাধারণ মানুষকে।

মঙ্গলবার (১২ মে) সকালে রাজধানীর মিরপুর শাহ আলী পাইকারি বাজার পরিদর্শন শেষে তিনি এসব মন্তব্য করেন।

ডা. শফিকুর রহমান বলেন, বাজারে নিয়ন্ত্রণহীন সিন্ডিকেটের কারণে পণ্যের দাম অস্বাভাবিকভাবে বাড়ছে। এতে নিম্ন ও মধ্য আয়ের মানুষের জীবনযাত্রা আরও কঠিন হয়ে পড়ছে। তিনি বলেন, এই পরিস্থিতি সামাল দিতে সরকারের আরও কার্যকর ও দৃশ্যমান পদক্ষেপ নেওয়া প্রয়োজন। জনগণের স্বার্থে বাজার স্থিতিশীল রাখা এখন জরুরি দাবি।

তিনি আরও জানান, জনগণের স্বার্থে এই ইস্যুতে বিরোধী দল সংসদের ভেতরে ও বাইরে সক্রিয় ভূমিকা রাখবে।

পরিদর্শনকালে তার সঙ্গে উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য মো. মোবারক হোসাইন, ঢাকা মহানগর উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন এবং ঢাকা-১৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমানসহ স্থানীয় নেতাকর্মীরা।